# পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র) এর দপ্তর

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

স্মারক নং ঢাপ্রপ্রবি/পশাশিকে/২০২৬/২৪ তারিখ ঃ ১০/০৯/২০২৬ খ্রিঃ

এতদ্বারা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট-২০২৬ এর উদ্বোধনী খেলা আগামী ১৪/০৯/২০২৬ খ্রিঃ রোজ সোমবার অনুষ্ঠিত হবে। উক্ত টুর্নামেন্ট এর ফিক্চার ও নিয়মাবলী নিম্নে দেওয়া হল।

## CRICKET TOURNAMET FIXTURE-2026

| S. L | TEAM NAME | VS | TEAM NAME | DATE | TIME | VENUE |
|---|---|---|---|---|---|---|
| 01. | BIJOY-24 DURBAR | VS | KNI DHUMKETU | 14-09-2026 | 03.30 PM | DUET CENTRAL FIELD |
| 02. | KNI AGNIBINA | VS | STA BONGO TAJ | 15-09-2026 | 04.00 PM | |
| 03. | STA ANIRBAN TAJ | VS | STA DURBAR TAJ | 16-09-2026 | 04.00 PM | |
| 04. | BIJOY-24 DURJOY | VS | BIJOY-24 DURBAR | 17-09-2026 | 04.10 PM | |
| 05. | KNI DHUMKETU | VS | KNI AGNIBINA | 18-09-2026 | 08.00 AM | |
| 06. | STA BONGO TAJ | VS | STA ANIRBAN TAJ | 18-09-2026 | 10.00 AM | |
| 07. | STA DURBAR TAJ | VS | BIJOY-24 DURJOY | 18-09-2026 | 02.30 PM | |
| 08. | BIJOY-24 DURBAR | VS | KNI AGNIBINA | 18-09-2026 | 04.15 PM | |
| 09. | KNI DHUMKETU | VS | STA BONGO TAJ | 19-09-2026 | 08.00 AM | |
| 10. | STA ANIRBAN TAJ | VS | BIJOY-24 DURJOY | 19-09-2026 | 10.00 AM | |
| 11. | BIJOY-24 DURBAR | VS | STA DURBAR TAJ | 19-09-2026 | 02.00 PM | |
| 12. | KNI DHUMKETU | VS | STA ANIRBAN TAJ | 19-09-2026 | 04.00 PM | |
| 13. | STA BONGO TAJ | VS | BIJOY-24 DURJOY | 20-09-2026 | 04.00 PM | |
| 14. | KNI AGNIBINA | VS | STA DURBAR TAJ | 21-09-2026 | 04.00 PM | |
| 15. | BIJOY-24 DURBAR | VS | STA ANIRBAN TAJ | 22-09-2026 | 04.00 PM | |
| 16. | KNI DHUMKETU | VS | STA DURBAR TAJ | 23-09-2026 | 04.00 PM | |
| 17. | KNI AGNIBINA | VS | BIJOY-24 DURJOY | 24-09-2026 | 08.00 AM | |
| 18. | BIJOY-24 DURBAR | VS | STA BONGO TAJ | 24-09-2026 | 10.00 AM | |
| 19. | KNI DHUMKETU | VS | BIJOY-24 DURJOY | 24-09-2026 | 02.00 PM | |
| 20. | KNI AGNIBINA | VS | STA ANIRBAN TAJ | 24-09-2026 | 04.00 PM | |
| 21. | STA BONGO TAJ | VS | STA DURBAR TAJ | 25-09-2026 | 08.00 AM | |
| **QULIFIER 1** | | | | | | |
| 22. | P1 | VS | P2 | 25-09-2026 | 03.00 PM | |
| **ELIMINATOR** | | | | | | |
| 23. | P3 | VS | P4 | 26-09-2026 | 09.00 AM | |
| **QUALIFIER 2** | | | | | | |
| 24. | QULIFIER 1 LOST TEAM | VS | ELIMINATOR WIN TEAM | 26-09-2026 | 04.00 PM | |
| **FINAL** | | | | | | |
| 25. | 1st QUALIFIER WIN TEAM | VS | 2nd QUALIFIER WIN TEAM | 27-09-2026 | 03.00 PM | |
| 26. | **RESERVE DAY** | | | | | |

০৫

<u>টুর্নামেন্টের নিয়মাবলী ঃ</u>

১। টুর্নামেন্ট পদ্ধতি

টুর্নামেন্টটি লিগ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

২। ম্যাচের ওভার

টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ ০৮ ওভারে অনুষ্ঠিত হবে (সেমিফাইনাল ও ফাইনাল ব্যতীত) ; তবে বৈরী আবহাওয়ার কারনে ওভার কম হতে পারে।

৩। বোলিং সংক্রান্ত নিয়ম

টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ এ **প্রত্যেক দলকে সর্বনিম্ন পাঁচজন বোলার ব্যবহার করতে হবে**, তিনজন বোলার সর্বোচ্চ ০২ ওভার বল করতে পারবে (সেমিফাইনাল ও ফাইনাল ব্যতীত)।

৪। খেলোয়াড় তালিকা জমাদান

প্রত্যেক দলকে ম্যাচ শুরুর ১৫ মিনিট পূর্বে খেলোয়াড়ের তালিকা ম্যাচ অফিসিয়াল এর কাছে জমা দিতে হবে।

৫। সময়ানুবর্তিতা ও নির্ধারিত সময়ে মাঠে উপস্থিতি

প্রত্যেক দলকে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে মাঠে উপস্থিত থাকতে হবে। নির্দিষ্ট সময়ের ১৫ মিনিট পর থেকে যে দল অনুপস্থিত থাকবে সে দল প্রতি ৫ মিনিট এর জন্য ০১ ওভার কম করবে। অপর দল পূর্ণ ০৮ ওভার খেলার সুযোগ পাবে।

৬। খেলোয়াড়ের যোগ্যতা ও দলভুক্তি

খেলোয়াড় তালিকার বাইরে কোনো খেলোয়াড় অংশগ্রহণ করতে পারবে না। যে ছাত্র যে হলে সংযুক্ত থাকবে, শুধুমাত্র সেই হলের দলে খেলতে পারবে, যদি এর ব্যত্যয় হয় তাহলে অভিযুক্ত দলের ম্যাচ ফি'র ১০০ শতাংশ বিপক্ষ দলকে প্রদান করা হবে।

৭। আম্পায়ারের সিদ্ধান্ত

আম্পায়ারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আম্পায়ারের কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো প্রকার আপত্তি, প্রতিবাদ বা বিতর্ক করা যাবে না। ম্যাচ চলাকালীন আম্পায়ারের সঙ্গে শুধুমাত্র সংশ্লিষ্ট দলের অধিনায়ক প্রয়োজনীয় বিষয়ে কথা বলতে পারবেন। খেলোয়াড় বা দলের অন্য কোনো সদস্য সরাসরি আম্পায়ারের সিদ্ধান্ত নিয়ে আপত্তি বা তর্ক করতে পারবেন না।

৮। ম্যাচ পরিত্যক্ত হলে পয়েন্ট বন্টন

লিগ পর্যায়ে কোন কারনে খেলা পরিত্যক্ত হলে প্রত্যেক দল ০১ (এক) পয়েন্ট করে পাবে। কোনো ম্যাচ শুরু হওয়ার পরে আবহাওয়াজনিত কারনে যদি পুনরায় শুরু করা সম্ভব না হয় তবে এ বিষয়ে ম্যাচ অফিসিয়ালগণ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৯। বল সংক্রান্ত নিয়ম

টুর্নামেন্টের প্রতিটি ইনিংস নতুন বল দ্বারা শুরু হবে। খেলা চলাকালীন সময়ে ব্যবহৃত বলটি হারিয়ে গেলে, পরবর্তী বল ব্যাটিং কর্তৃক নির্ধারণ/নির্বাচন করা হবে।

১০। খেলার সাধারণ নিয়ম

খেলার সকল নিয়ম (ICC) নিয়ম অনুসারে অনুষ্ঠিত হবে (LBW ও Power Play ব্যতীত)।

১১। ডাগআউট সংক্রান্ত নিয়ম

টসে বিজয়ী দল ডাগআউট পছন্দ করবে, ডাগআউটের বাইরে কোনো খেলোয়াড় থাকতে পারবে না।

১২। **খেলাধুলা সম্পর্কিত শৃঙ্খলাজনিত নীতিমালা অনুসরণ করা হবে (কপি সংযুক্ত)।**

এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত কাম্য।

K. [signature]

(অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম)
পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,গাজীপুর

স্মারক নং ঢাপ্রপ্রবি/পশাশিকে/২০২৬/২৪ তারিখ ঃ ১০/০৯/২০২৬ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল ঃ</u>

১। পি এস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এ পি এস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। রেজিস্ট্রার।
৪। সকল বিভাগীয় প্রধান।
৫। সকল হল প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট।
৬। পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর।
৭। সহযোগী পরিচালকবৃন্দ (ছাত্রকল্যাণ)।
৮। সকল দলের ম্যানেজার (নির্ধারিত তারিখ ও সময়ে ক্রিকেট দল নিয়ে মাঠে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
৯। অফিস প্রধান, মেডিকেল সেন্টার (খেলা চলাকালীন সময়ে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
১০। প্রধান প্রকৌশলী, প্রকৌশল শাখা (খেলা চলাকালীন সময়ে মাইক ও প্রয়োজনীয় লোকবল এর ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
১১। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
১২। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তর (উদ্বোধনী ও ফাইনাল অনুষ্ঠানের ছবি উঠানো ও প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
১৩। কম্পট্রোলার (অতিরিক্ত দায়িত্ব)।
১৪। সকল হল নোটিশ বোর্ড।
১৫। সংরক্ষণ নথি।

[signature]

(মোঃ আল মাসুদ খাঁন)
ফিজিক্যাল ইন্সট্রাক্টর
শারীরিক শিক্ষা কেন্দ্র
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

OFFICE OF THE DIRECTOR (Physical Education Center)
Dhaka University of Engineering & Technology, Gazipur
Gazipur-1700, Bangladesh

পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র) এর অফিস
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০০, বাংলাদেশ

Tel: 9204764 (PABX): 9204734-51, Ext. 1371, Fax: +88-02-9204701-2 E-mail: director_pec@duet.ac.bd

স্মারক নং- ঢাপ্রপ্রবি/পশাশিকে/২০২৬/০৬ তারিখ ঃ ০৮/০১/২০২৬ খ্রিঃ

# খেলাধুলা সংক্রান্ত শৃঙ্খলা বিষয়ক নীতিমালা

**ভূমিকা:** ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া কার্যক্রমে শৃঙ্খলা, ন্যায্যতা ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন করা হলো। বিশ্ববিদ্যালয় অধিভূক্ত সকল শিক্ষার্থী, দল ও খেলোয়াড়ের জন্য এই নীতিমালা বাধ্যতামূলক।

**ধারা ১. নীতিমালার আওতা:** এই নীতিমালা ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আওতাভূক্ত সকল ক্রীড়া প্রতিযোগিতা, অনুশীলন, টুর্নামেন্ট ইনডোর ও আউটডোর ইত্যাদি খেলা ও আন্তঃবিশ্ববিদ্যালয় খেলার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ফুটবল:
ক্রিকেট:
ভলিবল:
অ্যাথলেটিক্স:
হ্যান্ডবল:
হকি:
অন্যান্য সকল ইনডোর ও আউটডোর খেলা:

**ধারা ২. সাধারণ আচরণ-বিধি:**

২.১ সকল খেলোয়াড়কে খেলাধুলার সময় শালীন, ভদ্র ও ক্রীড়াসুলভ আচরণ প্রদর্শন করতে হবে।

২.২ রেফারি, সহকারি রেফারি, আম্পায়ার ও ম্যাচ অফিসিয়ালের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং তা মান্য করা বাধ্যতামূলক।

২.৩ সিদ্ধান্ত নিয়ে বির্তক, অসৌজন্যমূলক বক্তব্য, অশোভন অঙ্গভঙ্গি বা শারীরিক আক্রমণ সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

**ধারা ৩. সিদ্ধান্ত অমান্যের সংজ্ঞা:** নিমোক্ত যে কোন কার্যকলাপ রেফারি, সহকারি রেফারি, আম্পায়ার এবং ম্যাচ অফিসিয়াল এর সিদ্ধান্ত অমান্য হিসেবে গণ্য হবে-

৩.১ রেফারি/সহকারী রেফারি/ আম্পায়ার/ম্যাচ অফিসিয়ালের সিদ্ধান্ত মানতে অস্বীকৃতি জানানো।

৩.২ উচ্চস্বরে প্রতিবাদ, অশোভন বক্তব্য, অশালীন ভাষা বা অঙ্গভঙ্গি প্রদর্শন।

৩.৩ সিদ্ধান্ত পরিবর্তনের উদ্দেশ্যে হুমকি, চাপ প্রয়োগ বা বিশৃঙ্খলা সৃষ্টি।

৩.৪ খেলা বন্ধ রাখা, খেলতে অস্বীকৃতি জ্ঞাপন, ইচ্ছাকৃতভাবে বিলম্ব ঘটানো।

৩.৫ রেফারি, সহকারী রেফারি, আম্পায়ার বা ম্যাচ অফিসিয়ালের প্রতি শারীরিক আক্রমন, আক্রমনের চেষ্টা।

**ধারা ৪. শাস্তিযোগ্য অপরাধ-**

ধারা-৩ অনুযায়ী সংগঠিত যেকোন কার্যকলাপ গুরুতর শৃঙ্খলা ভঙ্গ ও শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে এবং এতে সংশ্লিষ্ট খেলোয়াড়, দল, দর্শক বা সহকারী ম্যানেজার কোন ধরনের দায়মুক্তি দাবি করতে পারবে না।

**ধারা ৫. শাস্তিমূলক ব্যবস্থা (খেলোয়াড়)-** যদি কোন খেলোয়াড় রেফারি, সহকারী রেফারি, আম্পায়ার ও ম্যাচ অফিসিয়ালের সিদ্ধান্ত অমান্য করে, তবে

৫.১ সর্বনিম্ন ০১ ম্যাচ অথবা ০২ ম্যাচ অথবা ০৩ ম্যাচ অথবা ঐ টুর্নামেন্টে অংশগ্রহণ হতে নিষিদ্ধকরণ।

৫.২ নির্দিষ্ট সময়ের জন্য বিশ্ববিদ্যালয়ের সকল খেলাধুলা/প্রতিযোগিতা/টুর্নামেন্ট হতে বাদ প্রদান।

৫.৩ ভবিষ্যৎ সকল খেলাধুলা/প্রতিযোগিতা/টুর্নামেন্ট হতে অযোগ্য ঘোষণা।

৫.৪ প্রয়োজনে বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা কমিটি শৃঙ্খলা ভঙ্গের জন্য শাস্তির ব্যবস্থা গ্রহন করবেন।

OFFICE OF THE DIRECTOR (Physical Education Center)
Dhaka University of Engineering & Technology, Gazipur
Gazipur-1700, Bangladesh

পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র) এর অফিস
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০০, বাংলাদেশ

Tel: 9204764 (PABX): 9204734-51, Ext. 1371, Fax: +88-02-9204701-2 E-mail: director_pec@duet.ac.bd

<u>ধারা ৬. শাস্তিমূলক ব্যবস্থা (দল)-</u> যদি কোন দল সম্মিলিতভাবে বা দলীয়ভাবে রেফারি, সহকারী রেফারি, আম্পায়ার ও ম্যাচ অফিসিয়ালের সিদ্ধান্ত অমান্য করে, তবে

৬.১ সংশ্লিষ্ট দলকে চলমান ম্যাচ হতে বহিস্কার করা হবে।

৬.২ সংশ্লিষ্ট দলকে চলমান টুর্নামেন্ট হতে বহিস্কার করা হবে।

৬.৩ পরবর্তী নির্দিষ্ট সময়ের জন্য বিশ্ববিদ্যালয় ক্রীড়া কার্যক্রমে অংশগ্রহণ স্থগিত করা যেতে পারে।

<u>ধারা ৭. প্রশাসনিক শাস্তি -</u> খেলা চলাকালীন বা সংশ্লিষ্ট ঘটনায় জড়িত খেলোয়াড়, শিক্ষার্থী (দর্শক) এর বিরুদ্ধে প্রয়োজনে নিমোক্ত প্রশাসনিক শাস্তি গ্রহণ করা হবে।

৭.১ লিখিত ক্ষমা প্রার্থনা ও আচরণ সংশোধনের মুচলেকা গ্রহণ ।

৭.২ আবাসিক হলের সিট বরাদ্দ ০৩ তিন মাস হতে ০২ বছরের জন্য বাতিল।

৭.৩ প্রয়োজনে বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা কমিটি শৃঙ্খলা ভঙ্গের জন্য শাস্তির ব্যবস্থা গ্রহণ করবেন ।

<u>ধারা ৮. সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ-</u> এই ধারার অধীনে শাস্তি প্রদানের ক্ষমতা নিমোক্ত কর্তৃপক্ষের উপরে ন্যস্ত থাকবে।

৮.১ পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র) এর দপ্তর।

৮.২ পরিচালক (ছাত্রকল্যাণ)।

৮.৩ প্রয়োজনে বিশ্ববিদ্যালয় ক্রীড়া উপ-কমিটি।

৮.৪ প্রয়োজনে বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা কমিটি।

<u>ধারা ১০. চূড়ান্ত বিধান-</u> এই ধারার আওতায় গৃহীত সকল সিদ্ধান্ত চূড়ান্ত ও তাৎক্ষণিক কার্যকর হবে। কোন খেলোয়াড়, দল বা কোন দর্শক উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে মাঠে বা মাঠের বাইরে কোন প্রকার আপীল বা প্রতিবাদ করা যাবে না। এই নীতিমালার যে কোন ধারা-উপধারা পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র) এর দপ্তর প্রয়োজনে সংযোজন-বিয়োজন করতে পারবে।

08/01/26

(মোঃ আল মাসুদ খাঁন)
ফিজিক্যাল ইন্সট্রাক্টর
শারীরিক শিক্ষা কেন্দ্র
ডুয়েট, গাজীপুর

08/01/26

(অধ্যাপক ড. উৎপল কুমার দাস)
পরিচালক (ছাত্রকল্যাণ)
ডুয়েট, গাজীপুর

08/01/26

(অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম)
পরিচালক
শারীরিক শিক্ষা কেন্দ্র
ডুয়েট, গাজীপুর